**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 09-07-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন রাজ্য সরকার জৈব ও প্রাকৃতিক চাষের উপর সবচেয়ে বেশি গুরুত্ব দিচ্ছে ।**

**(২) আগরতলায় আজ রাজ্যভিত্তিক প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলার মহড়া অনুষ্ঠিত হয়েছে।**

**(৩) ভারত ও নামিবিয়ার মধ্যে গুরুত্বপূর্ণ চুক্তি স্বাক্ষরিত। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে নামিবিয়ার সর্বোচ্চ অসামরিক পুরস্কার, ভূষিত করা হয়েছে।**

**(৪) আগামী ৪৮ ঘন্টায় রাজ্যের পশ্চিম জেলা, সিপাহীজলা, গোমতি জেলায় ভারী থেকে অতিভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর ।**

*********************************************

**Buyer-Seller Meet :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন রাজ্য সরকার জৈব ও প্রাকৃতিক চাষের উপর সবচেয়ে বেশি গুরুত্ব দিচ্ছে। শরীরকে সুস্থ সবল রাখার ক্ষেত্রে এই ধরনের উৎপাদিত জৈব পণ্যের গুরুত্ব দিন দিন বাড়ছে। প্রধানমন্ত্রীও সেই লক্ষ্যেই জৈব ও প্রাকৃতিক চাষের উপর গুরুত্ব আরোপ করে তার উৎপাদন ও বাজারজাত করণের উপর সবচেয়ে বেশি জোর দিয়েছেন। রাজ্য সরকারও সেই দিশাতেই কাজ করছে। আজ আগরতলায় ত্রিপুরা স্টেট অর্গানিক ফার্মিং ডেভেলপমেন্ট এজেন্সি আয়োজিত প্রথমবারের মতো রাজ্যস্তরের অর্গানিক ক্রেতা-বিক্রেতা সম্মেলনের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, জৈব ফসল উৎপাদন বাড়ানো ও তার সঙ্গে যুক্ত

কৃষকরা যাতে তাদের উৎপাদিত পণ্য সামগ্রীর সঠিক মূল্য পায় তার জন্যই এই ধরনের সম্মেলনের আয়োজন।

######Byte-Ratanlal Nath#######

এই সম্মেলনে ৮ জন জৈব চাষীকে সম্বর্ধনা জানানো হয়। প্রদর্শিত হয় ত্রিপুরার বিভিন্ন উৎকৃষ্ট ও স্বীকৃত জৈব কৃষিপণ্য যেমন সুগন্ধিযুক্ত চাল কালিখাসা, বিন্ন চাল, বার্ড আই চিলি, সুগন্ধি লেবু, তিল, আদা, হলুদ, ফক্সটেইল মিলেট, ক্যুইন ও কিউ আনারস ইত্যাদি।

সম্মেলনে বক্তব্য রাখেন ত্রিপুরা স্টেট অর্গানিক ফার্মিং ডেভেলপমেন্ট এজেন্সির মিশন অধিকর্তা রাজীব দেববর্মা, কৃষি অধিকর্তা ফনি ভূষণ জমাতিয়া, হর্টিকালচারের অধিকর্তা দীপক কুমার দাস।

************************

**State Level Mock Drill :**

আজ আগরতলায় রাজ্যভিত্তিক প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলার মহড়া অনুষ্ঠিত হয়েছে। পশ্চিম জেলার জেলার জেলা শাসক ডাঃ বিশাল কুমার জানান, পশ্চিম জেলার ১৩টি স্থানে সকাল সাড়ে সাতটা থেকে মহড়া শুরু হয়। বন্যা মোকাবিলা এবং ভূমি ধ্বস হলে কি কি করতে হবে তার মহড়া হয়েছে। মহড়ায় ১৫০০ লোক অংশ গ্রহন করেছেন। তারা প্রায় দুশো থেকে তিনশো লোককে উদ্ধার কাজের মহড়া করেছেন। তাছাড়া ত্রান শিবিরও খোলা হয়েছিল। মহড়া সফলভাবে সম্পন্ন হয়েছে বলে জেলাশাসক জানান।

#######Byte-DM-West#######

******************************

**Mock Exercise-UNAKOTI :**

ঊনকোটি জেলাতেও আজ প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলায় বিশেষ মহড়াপর্ব অনুষ্ঠিত হয়েছে। জেলার মোট বারোটি স্থানে এই মহড়াপর্ব অনুষ্ঠিত হয়।

*****************************

**Mock Drill-Gomoti :**

গোমতি জেলাতেও আজ প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলার উপর এক মহড়া অনুষ্ঠিত হয়। জেলা শাসক রিঙ্কু লাথের জানান, গোমতি জেলার ১১টি স্থানে মহড়া অনুষ্ঠিত হয়। করবুক, উদয়পুর, অমরপুর, শিলাছড়ির বিভিন্ন স্থানে মহড়ায় প্রায় ১ হাজার ২০০ জন অংশ নিয়েছে।

****************************

**Mock Drill-Dharmanagar :**

ধর্মনগরের মোট চারটি স্থানে প্রাকৃতিক বিপর্যয় মোকাবেলা মহড়া অনুষ্ঠিত হয়। শিববাড়ি, কদমতলা ব্লকের কুর্তি তহশীল এলাকায়, যুবরাজনগর ব্লকের বৈঠাৎবাড়ি, কালাছড়া ব্লকের ইচাইটুলগাও অঙ্গনওয়াড়ি কেন্দ্রের কাছে এই মহড়া অনুষ্ঠিত হয়।

***************************

**Disaster-Sonamura :**

সিপাহীজলা জেলার ৩টি মহকুমার মোট ১৩টি স্থানে আজ প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলার মহড়া অনুষ্ঠিত হয়। এর মধ্যে সোনামুড়া মহকুমার ৬টি, বিশালগড়ে ৪টি ও জম্পুইজলায় ৩টি স্থানে এই মহড়া অনুষ্ঠিত হয়।

***************************

**Forest Minister :**

ত্রিপুরা-মিজোরাম সীমান্তের দামছড়ায় আজ এক অনুষ্ঠানে ইন্দো-জার্মান ক্রেফলেট প্রকল্পে ২৬০ জন জনজাতি সুবিধাভোগীকে রিগনাই তৈরির সূতা প্রদান করা হয়। এছাড়া ১৩টি ভিলেজ কমিটির ১৩টি টিমকে দেয়া হয় ফুটবল সামগ্রী। উত্তর জেলার দামছড়া কমিউনিটি হলে আয়োজিত অনুষ্ঠানে বনমন্ত্রী অনিমেষ দেববর্মা, এ ডি সি-র কার্যনির্বাহী সদস্য ভবরঞ্জন রিয়াং, প্রধান মুখ্য বন সংরক্ষক আর কে শ্যামল প্রমুখ আধিকারিকরা

সুবিধাভোগীদের হাতে এই সামগ্রী তুলে দেন। অনুষ্ঠানে দুইটি স্ব সহায়ক দলকে ৫০ হাজার টাকা করে চেকও প্রদান করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আই জি ডি সি প্রজেক্টের সি ই ও এস প্রভু, ডি এফও সুমন মল্ল, অতিরিক্ত জেলাশাসক এল ডার্লিংসহ আরও অনেকে। বনমন্ত্রী তার ভাষণে নেশা পাচার রুখতে যুবকদের খেলাধুলা, শিক্ষা এবং কাজকর্মে উদ্বুদ্ধ করার উপর গুরুত্বারোপ করেন।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**PM, Namibia :**

ভারত ও নামিবিয়া আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে নামিবিয়ায় উদ্যোক্তা উন্নয়ন কেন্দ্র স্থাপনের জন্য একটি সমঝোতাপত্র স্বাক্ষর করেছে। উভয় দেশ স্বাস্থ্য ও চিকিৎসা ক্ষেত্রে সহযোগিতার জন্যও একটি সমঝোতাপত্রও স্বাক্ষর করেছে। নামিবিয়ার রাজধানী উইন্ডহোকের স্টেট হাউসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং নামিবিয়ার রাষ্ট্রপতি নেতুম্বো নন্দী-নদাইতওয়াহর মধ্যে প্রতিনিধি পর্যায়ের আলোচনার পর এই সমঝোতা

স্মারক স্বাক্ষরিত হয়। প্রধানমন্ত্রী মোদী উইন্ডহোকের জাতীয় স্মৃতিসৌধ হিরোস একরে নামিবিয়ান জাতির প্রতিষ্ঠাতা স্যাম নুজোমার প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার করার ক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে নামিবিয়ার সর্বোচ্চ অসামরিক পুরস্কার, “অর্ডার অফ দ্য মোস্ট অ্যানশিয়েন্ট ওয়েলউইটসিয়া মিরাবিলিসে” ভূষিত করা হয়েছে। এটি প্রধানমন্ত্রী মোদীর ২৭তম এবং তার চলমান সফরের চতুর্থ পুরস্কার। প্রধানমন্ত্রী নামিবিয়া সরকার এবং জনগণের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, এই সম্মান ভারত ও নামিবিয়ার মধ্যে চিরস্থায়ী বন্ধুত্বের প্রতীক।

***************************

**ELI Scheme :**

২০২৪-২৫ অর্থ বছরের বাজেট প্রস্তাবের ঘোষণার তালিকায় ছিলো এমপ্লয়মেন্ট লিঙ্কড ইনসেন্টিভ বা ই.এল.আই. স্কিম। চলতি মাসের শুরুতে মন্ত্রিসভার অনুমোদন লাভ করায় রূপায়ণ নিয়ে ব্যাপক তৎপরতা বিভিন্ন স্তরে! একটি প্রতিবেদন।

########VC#######

***************************

**Strike :**

পশ্চিম ত্রিপুরা জেলার পুলিশ সুপার কিরণ কুমার কে জানিয়েছেন, রাজ্যে ১০টি ট্রেড ইউনিয়নের ডাকা ধর্মঘটের প্রভাব দেখা যায়নি। কোথাও কোন ধরনের অপ্রীতিকর ঘটনার খবর নেই। রাজ্যের সর্বত্রই জনজীবন, স্কুল, কলেজ, ব্যাঙ্ক, অফিসের কাজকর্ম স্বাভাবিক ছিল। এদিকে, এই সাধারন ধর্মঘট রাজ্যে সফল হয়েছে বলে দাবি করেছেন সি.আই.টি.ইউ-র রাজ্য সভাপতি মানিক দে। আজ আগরতলায় সি.আই.টি.ইউ কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে তিনি জানান, গোটা রাজ্যে শান্তিপূর্ণ বনধ পালনের

আহবান জানানো হয়েছিল। এই কারনে ধর্মঘটের সমর্থনে কোথাও পিকেটিং করা হয়নি।

প্রদেশ বিজেপির সাধারণ সম্পাদক তাপস মজুমদার আগরতলায় সাংবাদিক সম্মেলনে বলেছেন ১০টি ট্রেড ইউনিয়নের ডাকা সাধারণ ধর্মঘট রাজ্যের জনগন সম্পূর্ণভাবে প্রত্যাখ্যান করেছে।

******************************

**Flood Situation-South :**

দক্ষিন জেলার বিলোনিয়ার বন্যা পরিস্থিতি ক্রমশ উন্নতি হচ্ছে। বিপদসীমার নীচে নেমেছে মুহুরী নদীর জল। বিলোনিয়া পুর পরিষদ এলাকার বিভিন্ন জায়গা থেকে জল সরে গেছে। বিলোনিয়ার মহকুমা শাসক দেবাশীষ দাস জানান, স্মৃতি মন্দির এলাকায় জমে থাকা জল নিষ্কাশনের কাজ চলছে। বিলোনিয়া মহকুমায় এখনো ১২টি ত্রাণ শিবিরে ৮০ জন শিশু সহ ২৩১টি পরিবারের ৭৫৭ জন মানুষ আশ্রয় নিয়েছে। শান্তিরবাজার মহকুমায় ২টি ত্রাণ শিবির রয়েছে। সেখানে ১০ পরিবারের ৫৩ জন লোক আশ্রয় নিয়েছে। জেলা প্রশাসন দূর্যোগ মোকাবিলার যাবতীয় প্রস্তুতি নিয়েছে। আজ এন.ডি.আর.এফের একটি টিমও বিলোনিয়ায় এসে পৌঁছেছে।

*****************************

**Flood-Gomati :**

গোমতি জেলা শাসক রিঙ্কু লেথার জানান, গোমতী জেলায় গতকাল থেকে একটানা ভারী বৃষ্টিপাতের ফলে গোমতী নদীর জল বিপদসীমার কাছাকাছি বইছে। জেলা প্রশাসন সম্ভাব্য বন্যা পরিস্থিতি মোকাবেলা করার জন্য যাবতীয় প্রস্তুতি নিয়ে রেখেছে। কিছু এলাকায় জল জমতে শুরু করেছে। বিশেষ করে উদয়পুর পুর পরিষদ এলাকা, খিলপাড়া, আমতলী, শালগরা, জামজুরি এলাকায় জল জমতে শুরু করেছে। খিলপাড়া এলাকায় একটি ত্রাণ শিবির খোলা হয়েছে। সেখানে ত্রিশ পরিবার আশ্রয় নিয়েছে।

****************************

**Heavy rain–Sepahijala :**

একটানা ভারী বৃষ্টিতে সিপাহীজলা জেলাতেও আজ জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। বিশালগড় ও সোনামুড়া মহকুমার বিভিন্ন নিচু এলাকা জলমগ্ন হয়ে পড়েছে।

*******************************

**Oil Palm :**

কুমারঘাটের নিদেবীতে আজ মেগা ওয়েল পাম চারা রোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। মোট এক হেক্টর জমিতে চারা রোপণ করা হয়। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, কুমারঘাট পুর পরিষদের চেয়ারপার্সন বিশ্বজিৎ দাস প্রমুখ।

*************************

**Mukhyomontri Samipeshu :**

মুখ্যমন্ত্রী সমীপেষুর ৪৭তম পর্ব আজ মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে অনুষ্ঠিত হয়। আজকের পর্বে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাজ্যের বিভিন্ন প্রান্তের নাগরিকদের সমস্যা মনোযোগ সহকারে শোনেন। কর্মসূচিতে মুখ্যমন্ত্রী ডাঃ সাহা উত্থাপিত বিষয়গুলির উপর প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের নির্দেশ দেন।

************************

**Weather :**

আগামী ৪৮ ঘন্টায় রাজ্যের পশ্চিম জেলা, সিপাহীজলা, গোমতি জেলায় ভারী থেকে অতিভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। দক্ষিণ জেলায় লাল সতর্কতা বহাল রয়েছে। তাছাড়া রাজ্যের বাকি জেলাগুলিতে ভারী বৃষ্টিপাতের সম্ভবনা রয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এবং এর আশেপাশের এলাকায় অবস্থিত নিম্নচাপ অঞ্চলটি আজ ঝাড়খণ্ড সংলগ্ন গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উপর অবস্থান করছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি

থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৫.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.২ ডিগ্রি সেলসিয়াস। তাছাড়া গত ২৪ ঘন্টায় বৃষ্টি হয়েছে ৩৭.২ মিলিমিটার।

******************************